গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দক্ষিণ সুরমা,

সিলেট

সহকারী প্রোগ্রামার এর দপ্তর

প্রকৃতি কন্যা সিলেট

দক্ষিণ সুরমা উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মিন্টু চৌধুরী<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ |
| সভার সময় | বিকাল ৩:৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ঠ-'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সন্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তার স্বাগত বক্তব্যে বলেন বঙ্গাবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি বিষয়ক সেবা চালু করার আহ্বান জানান এবং উপজেলায় আইসিটি কর্মকর্তার নিয়োগ ও প্রথম আইসিটি কমিটি গঠনে সন্তুষ্টি প্রকাশ করেন এবং এই ধারা অব্যাহত রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনের আশা ব্যক্ত করেন। অতঃপর তিনি সভার শুভ উদ্বোধন ঘোষনা করেন এবং সভার কার্যক্রম শুরু করার জন্য সভার সভাপতি তথা উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান।

অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব মিন্টু চৌধুরী এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব নাহিদ মাসুমা আকতার, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি / কতৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইসিটি অধিদপ্তর সম্পর্কে ধারনা প্রদান ও এর কার্যাবলী সম্পর্কে তুলে ধরা। | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য সচিব জনাব নাহিদ মাসুমা আকতার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয় বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | সহকারী প্রোগ্রামার সহ আইসিটি কমিটির সকল সদস্য। |
| ০২ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদকরণ। | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলায় অবস্থিত সকল স্কুল কলেজের নিজস্ব ওয়েবপোর্টাল এর প্রয়োজনীয়তার বিষয়েও আলোচনা হয়।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য বাতায়নে হালনাগাদ করবে বলে সভায় সিদ্ধান্ত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ই-ফাইল(নথি) সিস্টেম ব্যবহার সংক্রান্ত | ই-ফাইল (নথি) সংক্রান্ত বিষয় আলোচনা করা হয়। যে সকল দপ্তরে ই-নথি সিস্টেম চালু হয়েছে তাদেরকে দাপ্তরিক কাজ ই-নথির মাধ্যমে চলমান রাখার উপর গুরুত্বারোপ করা হয়। | উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) |
| ০৪ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত | উপজেলার ৭ টি স্কুল কলেজে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% নিশ্চিত হয় সে ব্যপারে স্কুল কলেজের শিক্ষক-অধ্যক্ষ কে আরো আন্তরিক হওয়ার জন্য বলা হয়। | কমিটির সকল সদস্য |
| ০৫ | সরকারি ই-মেইল ব্যবহার | সরকারি ই-মেইল এর মাধ্যমে চিঠিপত্র প্রেরণ ও নিয়মিত ই-মেইল চেক করার উপর গুরুত্বারোপ করা হয়। নিজ নিজ অফিসের ই-মেইল আইডি যাতে ব্যবহার করা হয় সে বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষন করা হয়। | উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) |
| ০৬ | আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম সংক্রান্ত | সকল সরকারি বেসরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কতৃপক্ষের আরটিআই সিস্টেম এ দ্রুত অনলাইন নিবন্ধন সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত হয়। | সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৭ | অন্যান্য | সভায় উপস্থিত সম্মানীত সকল অতিথি এটা বিশ্বাস করেন যে, তাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিশন ২০২১', 'টেকশই উন্নয়ন ও অভীষ্ঠ লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবেন।<br>সভায় বক্তাগন ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটির বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ঠ সকলে |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মিন্টু চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৯১৩১.০০০.০৬.০০১.১৯.২

তারিখ: ৮ কার্তিক ১৪২৬
২৪ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, ২৩১ সিলেট-৩ আসন
২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট
৭) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দক্ষিণ সুরমা,সিলেট
৮) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস,দক্ষিণ সুরমা,সিলেট
৯) প্রভাষক (কম্পিউটার), দক্ষিণ সুরমা সরকারি কলেজ, দক্ষিণ সুরমা, সিলেট
১০) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট
১১) উপজেলা কৃষি অফিসার , উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দক্ষিণ সুরমা, সিলেট
১২) উপজেলা মৎস্য অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট
১৩) অফিসার ইন চার্জ, মোগলাবাজার থানা, এম পি, সিলেট

১৪) অফিসার ইন চার্জ, দক্ষিণ সুরমা থানা, এস এম পি, সিলেট

১৫) উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট

১৬) প্রধান শিক্ষক, রেবতী রমন সরকারি উচ্চ বিদ্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট

১৭) সহকারী অধ্যাপক(আইসিটি), লতিফা-শফি চৌধুরী মহিলা ডিগ্রী কলেজ, দক্ষিণ সুরমা, সিলেট

১৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট

১৯) উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট

২০) উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজ সেবা কার্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট

২১) প্রধান শিক্ষক, হজরত শাহাজালাল উচ্চ বিদ্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট

২২) সহকারী ব্যবস্থাপক (বিটিসিএল), সিলেট সদর, সিলেট

২৩) পরিচালক, বিসমিল্লাহ কারিগরি ও কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র, দক্ষিণ সুরমা, সিলেট

নাহিদ মাসুমা আকতার
সহকারী প্রোগ্রামার